গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।
principal@bbggc.gov.bd, www.bbggc.gov.bd
**College Code : 1400, EIIN NO : 108155**

তারিখ: ২৭/১০/২০২২

# অনার্স ১ম বর্ষ পরীক্ষা-২০২১ ফরম পূরণের সংশোধিত বিজ্ঞপ্তি

২০২১ সনের ১ম বর্ষ সম্মান নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ফরম পূরণের আবেদন ফরম ঢাকা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (**7 College.du.ac.bd**) **Form Fill-up** ক্লিক করে শিক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনানুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। ফরম পূরণের টাকা পরিশোধের জন্য **https://sbl.com.bd:7070/SevenCollege/Payment/** লিংকে প্রবেশ করে **Form Fill-up Fee** অপশনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য প্রদানপূর্বক ফি পরিশোধ করে **Payment Slip** ও অন্যান্য কাগজ স্ব-স্ব বিভাগে জমা দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

| ক্রমিক নং | বিষয় | টাকা |
|---|---|---|
| ০১ | বাংলা, ইসলামের ইতিহাস ও দর্শন | ৩,৬০৫/- |
| ০২ | ইংরেজি, অর্থনীতি, ইতিহাস, সমাজবিজ্ঞান ও ইসলাম শিক্ষা | ৩,৩৩০/- |
| ০৩ | হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা | ৩,৯০৫/- |
| ০৪ | সমাজকর্ম | ৩,৯৩০/- |
| ০৫ | রাষ্ট্রবিজ্ঞান | ৪,২০৫/- |
| ০৬ | পদার্থবিজ্ঞান | ৪,৩৭৫/- |
| ০৭ | গণিত | ৪,৫২৫/- |
| ০৮ | মনোবিজ্ঞান | ৩,৭০০/- |
| ০৯ | রসায়ন | ৪,৫০০/- |
| ১০ | উদ্ভিদবিজ্ঞান | ৪,৪০০/- |
| ১১ | প্রাণিবিজ্ঞান | ৪,১০০/- |
| ১২ | ভূগোল ও পরিবেশ ও গার্হস্থ্য অর্থনীতি | ৪,২০০/- |
| | মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য | |
| ০১ | ০১ বিষয় | ২,২৩০/- |
| ০২ | ০২ বিষয় | ২,৫৩০/- |
| ০৩ | ০৩ বিষয় | ২,৮৩০/- |
| ০৪ | ০৪ বিষয় | ৩,১৩০/- |
| ০৫ | ০৫ বিষয় | ৩,৪৩০/- |

বি:দ্র: মানোন্নয়ন শিক্ষার্থীদের ক্ষেত্রে নোটিশে উল্লিখিত ফি দেখে পরিশোধ করতে হবে এবং ফি পরিশোধের ক্ষেত্রে কোনো প্রকার সমস্যা হলে কলেজ অফিসের ১১৪ নং কক্ষে যোগাযোগ করতে হবে।

* মাঠকর্ম, থিসিস, টার্মপেপার এবং অ্যাসাইনমেন্ট যদি থাকে নির্ধারিত ফি স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।

* নন-কলেজিয়েট শিক্ষার্থীরা মূল টাকার অতিরিক্ত ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা স্ব স্ব বিভাগে রশিদের মাধ্যমে জমা দিতে হবে।

ফরম পূরণ ও ফি জমাদানের তারিখ: ২৭/১০/২০২২ হতে ০৭/১১/২০২২ পর্যন্ত ।
নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবে না।

চলমান পাতা-০২

২৭/১০/২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।
principal@bbggc.gov.bd, www.bbggc.gov.bd
**College Code : 1400, EIIN NO : 108155**



**০১. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলিঃ**

*** ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত শিক্ষার্থীগণ নিয়মিত এবং ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থীরা ২০১৯, ২০২০ সনের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা উক্ত পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। অনিয়মিত শিক্ষার্থীদের সকল পত্রে অংশগ্রহণ বাধ্যতামূলক।

*** ২০১৭-২০১৮ শিক্ষার্থীদের (যারা ৪র্থ বর্ষ ২০২১ পরীক্ষায় অংশগ্রহণ করেছে) ১ম বর্ষ পরীক্ষায় কোন পত্র/পত্রসমূহে "F" গ্রেড রয়েছে তারা উক্ত "F" গ্রেড প্রাপ্ত পত্র/পত্রসমূহকে আলোচ্য পরীক্ষায় অংশগ্রহণ করে অবশ্যই গ্রহণযোগ্য গ্রেডে উন্নীত করতে হবে।

*** ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের কোন শিক্ষার্থী যদি ২০২০ সনের ১ম বর্ষ পরীক্ষায় মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ না করে থাকে তাহলে উক্ত শিক্ষার্থী ২০২১ সনের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে, কিন্তু যদি ২০২০ সনের ১ম বর্ষ পরীক্ষায় মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করে থাকে তাহলে তার ২০২১ সনের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের কোন সুযোগ থাকবে না।

*** ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের যারা ২০২০ সনের ১ম বর্ষ পরীক্ষায় কৃতকার্য হয়েছে তারা আলোচ্য পরীক্ষায় মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এছাড়াও ২০২০ সনের ১ম বর্ষ সম্মান পরীক্ষায় সর্বমোট ৩টি পত্রে অকৃতকার্য/অনুত্তীর্ণ/অনুপস্থিত শিক্ষার্থীরাও উক্ত পরীক্ষায় মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

*** **শিক্ষার্থীদের ক্লাসে কমপক্ষে ৭৫% উপস্থিতি থাকতে হবে। যে সকল শিক্ষার্থীর ক্লাসে উপস্থিতি ৬০%-৭৪% এর মধ্যে আছে সেই সকল শিক্ষার্থীকে "নন-কলেজিয়েট" শিক্ষার্থী হিসাবে গণ্য হবে এবং "নন-কলেজিয়েট" ফিস প্রদান করতে হবে। যে সকল শিক্ষার্থী ক্লাসে উপস্থিতি ৬০% এর কম আছে সেই সকল শিক্ষার্থীকে "ডিস-কলেজিয়েট" শিক্ষার্থী হিসাবে গণ্য হবে। "ডিস-কলেজিয়েট" শিক্ষার্থীরা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।**

## মানোন্নয়ন

- ✓ কলা অনুষদের ক্ষেত্রে (D থেকে B-) গ্রেড পর্যন্ত মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- ✓ সামাজিক বিজ্ঞান অনুষদের ক্ষেত্রে (D থেকে B) গ্রেড পর্যন্ত মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- ✓ বিজ্ঞান অনুষদের ক্ষেত্রে (D থেকে C+) গ্রেড পর্যন্ত মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- ✓ ব্যবসায় শিক্ষা অনুষদের ক্ষেত্রে (D থেকে A-) গ্রেড পর্যন্ত মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।

**অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য):**

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) **Form Fill-up** বাটনে ক্লিক করে/ http://dua7c.com/ সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরমপূরণের নির্দেশনাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। **অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই ফরম পূরণের শেষ তারিখ পর্যন্ত সংশোধন করতে পারবে।**

খ) প্রিন্টকৃত ফরমে (এন্ট্রি ফরম) শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ **অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ** স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে **০৩/১১/২০২২** তারিখের মধ্যে শিক্ষার্থীর পূর্বের তথ্যসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

**ফরমের সাথে যে সমস্ত কাগজপত্র জমা দিতে হবেঃ**

০১. পরীক্ষার্থীদের ১ম বর্ষের ভর্তি রশিদের ফটো কপি।

০২. পরীক্ষায় অংশগ্রহণের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে পূরণকৃত ফরম ফিলাপের ফরম।

০৩. টাকা পরিশোধের রশিদ।

বিঃদ্রঃ **শিক্ষার্থীরা রশিদ এবং পরীক্ষার এন্ট্রি ফরম বিভাগে জমা না দিয়ে বাসায় নিয়ে গেলে তার পরীক্ষার ফরম পূরণ বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য যে, শিক্ষার্থীদের ফরম পূরণের তথ্য সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নির্দিষ্ট তারিখের মধ্যে অনলাইনে ভেরিফাই করতে হবে।**

২৭/১০/২২

প্রফেসর সাবিকুন নাহার
আই.ডি-৫৪০
অধ্যক্ষ
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।

**বিতরণ:**

০১. কলেজ নোটিশ বোর্ড

০২. বিভাগীয় প্রধান

০৩. সংরক্ষণ নথি।